৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 24 NOV 1998 ...
পৃঃ ৩ কলাম ৭

## ঢাকা ভার্সিটি ॥ সুমিতমো কর্পোরেশনের বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্রছাত্রীদের (১৯৯৭ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ) মধ্যে ঢাকায় সুমিতমো কর্পোরেশন কর্তৃক দশটি এককালীন বৃত্তি মঞ্জুর করা হবে। বার্ষিক এককালীন বৃত্তির পরিমাণ হবে দু' শ' মার্কিন ডলারের সমপরিমাণ বাংলাদেশী টাকা। প্রথমবর্ষ সম্মান শ্রেণীতে মঞ্জুরকৃত এই বৃত্তি ছাত্রছাত্রীদের সদাচরণ, পড়াশোনায় সন্তোষজনক অগ্রগতি এবং নিয়মিত অধ্যয়ন সাপেক্ষে নবায়নযোগ্য। এই দশটি বৃত্তির জন্য ছাত্রছাত্রীদের চূড়ান্ত নির্বাচন উক্ত কর্পোরেশন কর্তৃক করা হবে এবং তারাই বৃত্তি প্রদান করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের ১মবর্ষ সম্মান শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে যারা এই বৃত্তি পেতে আগ্রহী, তাদেরকে নির্ধারিত আবেদনপত্রের ফরমে স্ব স্ব বিভাগীয় প্রধান/ইনস্টিটিউটের পরিচালক এবং হল প্রভোস্টের মাধ্যমে আগামী ২৬ নবেম্বরের মধ্যে দরখাস্ত করতে বলা হয়েছে। নির্ধারিত আবেদনপত্রের ফরম বিশ্ববিদ্যালয়ের বৃত্তি শাখায় পাওয়া যাবে এবং এই ফরমে টাইপকৃত দরখাস্ত বৃত্তি শাখায়ই (রেজিস্ট্রার্স বিল্ডিং কক্ষ নং ২০৮/ক) জমা দিতে হবে। আবেদনকারী ছাত্রছাত্রীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ১-৭-৯৭ তারিখে বয়স ৩০ বছরের নিম্নে হতে হবে।

সুমিতমো কর্পোরেশনের বৃত্তির সমপরিমাণ অন্য কোন বেসরকারী বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রী এই বৃত্তির জন্য আবেদন করতে পারবে না। —বিজ্ঞপ্তি।